/

**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
হাইকোর্ট বিভাগ, ঢাকা
(বিচার শাখা)
www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং-২১/২০২৫ - জে, তারিখ: ৩রা অগ্রহায়ণ, ১৪৩২ বঙ্গাব্দ / ১৮ই নভেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের সদস্যদের Judicial Phone Diary (JPD) অ্যাপ ব্যবহার সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, প্রতি বছর বাংলাদেশ সুপ্রীম কোর্ট হতে অধস্তন আদালতের বিচারকদের টেলিফোন নম্বর সম্বলিত 'বিচার বিভাগীয় টেলিফোন নির্দেশিকা' দীর্ঘদিন যাবৎ প্রকাশিত হয়ে আসছে। কিন্তু বছরের বিভিন্ন সময় বদলি/পদায়ন/নিয়োগের কারণে হালনাগাদ তথ্য পাওয়া সম্ভব হয় না।

২। সেহেতু বিজ্ঞ বিচারকগণের টেলিফোন নম্বরসমূহ বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের সদস্যদের নিকট সহজলভ্য করার লক্ষ্যে Judicial Phone Diary নামক একটি অ্যাপ সুপ্রীম কোর্ট কর্তৃক প্রস্তুত করা হয়েছে, যার মাধ্যমে দেশের যে কোনো বিচার বিভাগীয় কর্মকর্তার নাম, মোবাইল নং, ছবি ও ই-মেইল সংক্রান্ত তথ্য খুব সহজেই পাওয়া যাবে। দেশের অধস্তন আদালতসমূহের সহায়ক কর্মকর্তা/কর্মচারীর নম্বর (প্রশাসনিক কর্মকর্তা ও নাজির-এর) তথ্যও উক্ত অ্যাপে উল্লেখ করা হয়েছে।

৩। Judicial Phone Diary (JPD) অ্যাপটি ব্যবহারের নিয়মাবলি:

ক) Judicial Phone Diary (JPD) অ্যাপটি বাংলাদেশ সুপ্রীম কোর্ট-এর ওয়েবসাইটের মেনু বারে পাওয়া যাবে (আগামী সপ্তাহের মধ্যে প্লে স্টোরেও (Play Store) পাওয়া যাবে)।

খ) Judicial Phone Diary (JPD) অ্যাপটি ডাউনলোড করে ইনস্টল পূর্বক ব্যবহার করা যাবে।

গ) বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের অফিসারদের তথ্যের নিরাপত্তার স্বার্থে অ্যাপটি ব্যবহারের জন্য Personal Data Sheet (PDS) এ ব্যবহৃত ফোন নাম্বার, সার্ভিস আইডি ও PDS এ ব্যবহৃত পাসওয়ার্ড প্রয়োজন হবে।

ঘ) আদালতের সহায়ক কর্মকর্তা ও কর্মচারীদের ফোন নাম্বার সর্বসাধারণ দেখতে পারবে।

ঙ) অ্যাপে অফিসারদের নাম, ছবি, বর্তমান পোস্টিং, সার্ভিস আইডি, ফোন নাম্বার ও ই-মেইল সংক্রান্ত তথ্য পাওয়া যাবে।

চ) অ্যাপ থেকে সরাসরি কল/মেসেজ/হোয়াটস্ অ্যাপে কল/মেসেজ ও ই-মেইল করা যাবে।

ছ) অ্যাপের সার্চ অপশন থেকে অফিসারের নাম/কর্মরত জেলা/ব্যাচ/সার্ভিস আইডি/ফোন নাম্বার অথবা ই-মেইল দিয়ে সার্চ করে কাঙ্ক্ষিত অফিসারের তথ্য পাওয়া যাবে।

জ) অ্যাপ থেকে অফিসারদের নিজ ছবি পরিবর্তন করার লিংকে যাওয়া যাবে ও নিজ ছবি পরিবর্তন করা যাবে।

ঝ) প্রতিবার বদলির পর অফিসারদের হালনাগাদ তথ্য স্বয়ংক্রিয়ভাবে অ্যাপ থেকে পাওয়া যাবে। (বদলির জিও হওয়ার পর, অফিসার/অফিসারগণ কর্মক্ষেত্রে যোগদান পরবর্তী সময় বা

আনুমানিক ১০ দিন পর অ্যাপের Settings অপশনে গিয়ে "ডাটা রিলোড" করলেই হালনাগাদ তথ্য অ্যাপে যোগ হয়ে যাবে।)

উল্লেখ্য, অত্র অ্যাপটি আপাতত iPhone-এ ব্যবহার করা যাবে না। iPhone-এ ব্যবহারের জন্য আইওএস-এ অ্যাপটি আপলোড করার জন্য কার্যক্রম শুরু হয়েছে। আইওএস-এ আপলোডের কার্যক্রম সম্পন্ন হলেই iPhone-এ ব্যবহার করা যাবে।

৪। এমতাবস্থায়, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের সদস্যদের Judicial Phone Diary (JPD) অ্যাপ সংক্রান্ত বর্ণিত নিয়মাবলি অনুসরণপূর্বক ব্যবহার করার জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হলো। Judicial Phone Diary (JPD) অ্যাপ বিষয়ে প্রয়োজনীয় যে কোনো তথ্যের জন্য জনাব মোঃ ইকবাল হোসেন, সহকারী রেজিস্ট্রার (হোয়াটসঅ্যাপ: ০১৭৭০৭৫৬৫৭১)-এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ জানানো হলো।

মাননীয় প্রধান বিচারপতির সানুগ্রহ আদেশক্রমে

**স্বাক্ষরিত**
মুহাম্মদ হাবিবুর রহমান সিদ্দিকী
রেজিস্ট্রার জেনারেল
ফোন: ০২-২২৩৩৮২৭৮৫
ইমেইল: rg@supremecourt.gov.bd

স্মারক নং-১০৭৩১ জে, তারিখ : ৩রা অগ্রহায়ণ, ১৪৩২ বঙ্গাব্দ / ১৮ই নভেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ,------------------------------------------------------- ----------- (সকল)।
৩। মহানগর দায়রা জজ, -------------------------------------------------------------------- (সকল)।
৪। বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত, ------------------------------------(সকল)।
৫। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, ---------------------------- (সকল)।
৬। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল,------- ----------- (সকল)।
৭। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল,--------- ---------------------- ---------- (সকল)।
৮। বিচারক (জেলা জজ), সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল, ---------------------- ---------- (সকল)।
৯। সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপীলেট ট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
১০। সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল,------------------------------------------- (সকল)।
১১। সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
১২। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত, ---------------------------------------------- (সকল)।
১৩। স্পেশাল জজ (জেলা জজ), স্পেশাল জজ আদালত ------------------------------------(সকল)।
১৪। বিচারক (জেলা ও দায়রা জজ), মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল, ....................... (সকল)।
১৫। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ........................................................ (সকল)।
১৬। বিচারক ( জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা।
১৭। সদস্য (জেলা জজ), কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল,.................... (সকল)।
১৮। চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য় কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা।
১৯। চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, তোপখানা রোড, ঢাকা।
২০। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।

(প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসনিক নিয়ন্ত্রণে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

২১। সচিব (জেলা জজ), বাংলাদেশ বার কাউন্সিল, রমনা, ঢাকা।
২২। সদস্য (জেলা জজ), ট্যাকসেস অ্যাপীলেট ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-৫, ঢাকা।
২৩। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, বেইলী রোড, ঢাকা।
২৪। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৫। রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।
২৬। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৭। সচিব, আইন কমিশন, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৮। মহা-পরিচালক (লিগ্যাল এন্ড প্রসিকিউশন), দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা।
২৯। মহা-পরিদর্শক, (নিবন্ধন), নিবন্ধন পরিদপ্তর, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
৩০। যুগ্ম সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩১। যুগ্ম সচিব (আইন প্রণয়ন), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩২। আইন উপদেষ্টা, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৩। আইন উপদেষ্টা (জেলা জজ), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
৩৪। উপ-সচিব (লিগ্যাল), প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৫। পরিচালক (অভিযোগ ও তদন্ত), জাতীয় মানবাধিকার কমিশন, ঢাকা।
৩৬। আইন কর্মকর্তা, পুলিশ হেডকোয়ার্টারস, ঢাকা।
৩৭। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,-----------------------------------------------------------(সকল)।
৩৮। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,-------------------------------------------------------(সকল)।
৩৯। আইন কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪০। আইন কর্মকর্তা, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
৪১। মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪২। রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল/শ্রম আপীল ট্রাইব্যুনাল........(চেয়ারম্যান মহোদয় সমীপে উপস্থাপনের অনুরোধসহ)।
৪৩। আইন কর্মকর্তা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৪৪। রেজিস্ট্রার, পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিষ্পত্তি কমিশন, খাগড়াছড়ি।
৪৫। সভাপতি/সম্পাদক, জেলা আইনজীবী সমিতি --------------(সকল)।
৪৬। মাননীয় প্রধান বিচারপতির সচিব, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪৭। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪৮। অফিস কপি।

২১.১১.২৫

(ড. মোঃ আতিকুস সামাদ)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)
ফোন: +৮৮০২২২৩৩৮১৮৬৫
ইমেইল: aticklaw@gmail.com